

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ একাধিক কাপড় না পাওয়া গেলে এক কাপড়ে সালাত আদায় করা জায়েয

ذِكْنُ الْإِخْبَارِ عَنْ جَوَازِ صَلَاةِ الْمَرْءِ فِي الثوب الواحد عند العدم

আরবী

[2302/م] - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ شَبِيبٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ الْأَحْوَلُ وَأَيُّوبُ وَحَبِيبُ بْنُ الشَّهِيدِ وهشام عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ الْأَحْوَلُ وَأَيُّوبُ وَحَبِيبُ بْنُ الشَّهِيدِ وهشام عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئل عَنِ الصَّلَاةِ فِي الثَّوْبِ الْوَاحِدِ فَقَالَ: (أُوكُلُّكُمْ يَجِدُ ثَوبَيْن)

قال هشام: وأحسبُهُ قال: وتُبَّان

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2302 | خلاصة حكم المحدث: صحيح _ ((الضعيفة)) (5746): خ.

বাংলা

২৩০২/*. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এক কাপড়ে সালাত আদায় করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তোমাদের প্রত্যেকেই দুটো কাপড় পায় কি?"

অতঃপর উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহুর খিলাফতকালে তিনি বলেন, "যখন আল্লাহ প্রশস্ততা দান করেছেন, তখন তোমরাও প্রশস্ততা অবলম্বন করো। একজন ব্যক্তি তার কাপড়ের মাঝে সমন্বয় করবে। সে সালাত আদায়



করবে একটি লুঙ্গি ও একটি চাদরে, একটি লুঙ্গি ও একটি জামায়, একটি লুঙ্গি ও একটি আলখিল্লায়, একটি পাজামায় ও একটি চাদরে, একটি পাজামা ও একটি চাদরে, একটি পাজামা ও একটি আলখিল্লায়।"

হিশাম রহিমাহুল্লাহ বলেন, 'আমার ধারণা তিনি জাঙ্গিয়ার কথাও বলেছেন।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩৬৫; দারাকুতনী: ১/২৮২; মুসনাদ আহমাদ: ২/২৩০; সহীহ মুসলিম: ৫১৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩৭৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয য'ঈফাহ: ৫৭৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন